**A-14/EVEN/BNGL-401(Arts/Sc/Com)/009**

২০১৪

স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পর্ব, ২০১৪

বাংলা

**( আধুনিক ভারতীয় ভাষা )**

**( চতুর্থ ষাণ্মাসিক )**

পাঠক্রম নং : BNGL-401

**[ বাংলা কথাসাহিত্য ও ভাষা ]**

**( বিজ্ঞান / কলা / বাণিজ্য বিভাগ )**

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

(বিভিন্ন বিভাগের ছাত্র-ছাত্রীরা তাদের বিভাগ অনুযায়ী প্রশ্নের উত্তর করবে)

( বিজ্ঞান বিভাগের পরীক্ষার্থীদের জন্য )

১। (ক) ‘আরোগ্য নিকেতন’ উপন্যাসে জীবনমশায়ের বাবার নাম কী? কিশোর বয়সে জীবনমশায় কোন্ স্কুলে পড়তেন? তাঁর সহপাঠীরা তাঁকে কী নামে ডাকতেন? জীবনমশায় চরিত্রটি বিশ্লেষণ করো। ১+১+১+১১=১৪

অথবা

(খ) ‘আরোগ্য নিকেতন’ উপন্যাসে আরোগ্য নিকেতন কেন্দ্রটি কোন্ গ্রামে অবস্থিত? জীবনমশায় আয়ুর্বেদ প্রাচ্য না পাশ্চাত্য চিকিৎসা পদ্ধতি? ‘আরোগ্য নিকেতন’ উপন্যাসে নবীন-প্রবীণের যে দ্বন্দ্ব পরিলক্ষিত হয় তা আলোচনা করো। ১+১+১+১১=১৪

২। (ক) ‘নিশীথে’ গল্পে জমিদারের নাম কী? তার বাড়ি কোথায় ছিল? তার দ্বিতীয় স্ত্রীর নাম কী? ‘নিশীথে’ গল্পটিকে অতিপ্রাকৃত গল্প বলা যায় কি না, আলোচনা করো। ১+১+১+১১=১৪

অথবা

(খ) ‘বিচারক’ গল্পে বিনোদচন্দ্রের আসল নাম কী? তিনি ক্ষীরোদাকে কী দিয়েছিলেন এবং তাতে কার নাম লেখা ছিল? ‘বিচারক’ গল্পের বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো। ১+১+১+১১=১৪

৩। যে কোনো একটি বিষয়ে নাতিদীর্ঘ নিবন্ধ রচনা করো : ১৪

(ক) বিজ্ঞানের বিস্ময় : কম্পিউটার

(খ) সভ্যতার অগ্রগতিতে বিজ্ঞান

(গ) বন্যপ্রাণী সংরক্ষণ

(ঘ) বিজ্ঞানী মেঘনাদ সাহা

৪। টীকা লেখো (যে কোনো দুটি) : ৪X২=৮

(ক) ‘আরোগ্য নিকেতন’ উপন্যাসে রঙ্গলাল ডাক্তার

(খ) ‘আপদ’ গল্পের সতীশ

(গ) ‘আরোগ্য নিকেতন’ উপন্যাসে প্রদ্যোত ডাক্তার

(ঘ) ‘যজ্ঞেশ্বরের যজ্ঞ’ গল্পে যজ্ঞেশ্বর

## ( কলা  বিভাগের পরীক্ষার্থীদের জন্য )

১। (ক) পিয়ারী বাইজীর প্রকৃত নাম কী? তার বাড়ি কোথায়? শ্রীকান্তের সঙ্গে পিয়ারী বাইজীর প্রথম সাক্ষাৎ কোথায় হয়েছিল? 'শ্রীকান্ত' উপন্যাসের প্রথম পর্ব অবলম্বনে পিয়ারী চরিত্রটি আলোচনা করো।

১+১+১+১১=১৪

অথবা

(খ) 'শ্রীকান্ত' উপন্যাসটি কয়টি পরবে সমাপ্ত? প্রথম পর্বটি কত সালে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? 'শ্রীকান্ত' উপন্যাসটিকে আত্মজীবনীমূলক উপন্যাস বলা যায় কি না, আলোচনা করো।

১+২+১১=১৪

২। (ক) মধ্য-বাংলার স্তর কয়টি ও কী কী? 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটি মধ্য-বাংলার কোন্ স্তরের নিদর্শন? আদি মধ্য-বাংলার বিশেষত্ব আলোচনা করো।

১+২+১+১০=১৪

অথবা

(খ) উপভাষা কাকে বলে? বাংলা ভাষার উপভাষা কয়টি? বরেন্দ্রী কোন্ অঞ্চলের উপভাষা? যে কোনো দুটি উপভাষার বৈশিষ্ট্য আলোচনা করো। ২+১+১+১০=১৪

অথবা

(গ) মৌলিক এবং আগন্তুক শব্দ বলতে কী বোঝায়? বাংলা ভাষার শব্দভাণ্ডারের অন্তর্গত মৌলিক শব্দগুলোর পরিচয় দাও। ২+২+১০=১৪

৩। টীকা লেখো (যে কোনো তিনটি) : ৪X৩=১২

(ক) ইন্দ্রনাথ চরিত্র
(খ) কুমার বাহাদুরের শিকার পার্টি
(গ) বৈদিক-সংস্কৃত
(ঘ) সাধুভাষা
(ঙ) বিদেশী শব্দ

৪। (ক) চলিত গদ্য-রীতির কয়েকটি বৈশিষ্ট্য আলোচনা করো। ৫

অথবা

(খ) সাধু-রীতিতে রূপান্তরিত করো। : ৫

"গান্ধী আমাদের শিখিয়েছিলেন যে, অহিংসার অর্থ অন্যায়ের প্রতিবাদ নয়; অহিংসা যুদ্ধেরই এক ধরন, অন্যায়ের বিরুদ্ধে যুদ্ধের একমাত্র সভ্য পথ। মতের উদারতার অর্থও এই নয় যে, যাকে আমরা অযৌক্তিক মনে করি তার কঠিন সমালোচনা করব না। মনে রাখতে হবে যে পরম সহিষ্ণুতা ও সমালোচনার স্বাধীনতা পরস্পর পরিপূরক।"

৫। (ক) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বাংলা বানান রীতির পাঁচটি বৈশিষ্ট্য উদাহরণ সহযোগে আলোচনা করো। ৫

অথবা

(খ) শুদ্ধ করে লেখো : ১X৫=৫

পৌরহিত্য; বাল্মিকি; দূর্গা; ততধিক; ভ্রাতুস্পুত্র।

## ( বাণিজ্য  বিভাগের পরীক্ষার্থীদের জন্য )

১। (ক) "তাহারা পরস্পরকে আর বুঝি ছাড়িতেও পারিবে না। প্রেম নয়, তাহার চেয়েও তীব্র, তাহার চেয়ে গভীর উন্মাদনাময় বিদ্বেষ ও বিতৃষ্ণার শৃঙ্খলে তাহারা পরস্পরের সহিত আবদ্ধ।" 'তাহারা' বলতে কাদের কথা বলা হয়েছে? প্রেমেন্দ্র মিত্রের কোন্ গল্পে এই কথাগুলো উল্লেখিত হয়েছে? প্রসঙ্গটি বর্ণনা করে গল্পের অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা করো। ২+১+১১=১৪

অথবা

(খ) তোমার পাঠ্য পেমেন্দ্র মিত্রের গল্পগুলোর নাম লেখো। সমালোচকের মতে "তেলেনাপোতা স্মৃতি নয়, স্বপ্ন নয়, বাস্তবও নয়।" আলোচনা করো। ৪+১০=১৪

২। (ক) 'স্টোভ' গল্পটি কত সালে রচিত এবং কোন্ মূল গল্পগ্রন্থের অন্তর্গত? মল্লিকা কাদের সংসারের হঠাৎ চলে এসে আলোড়ন তোলে? 'স্টোভ' গল্প অবলম্বনে দাম্পত্য জীবনের টানাপোড়েনের যে ছবি প্রকাশিত তার পরিচয় দাও। ১+১+২+১০=১৪

অথবা

(খ) প্রেমেন্দ্র মিত্রের প্রথম গল্প কোনটি? কোন্ গল্পগ্রন্থে তা প্রকাশিত হয়? সমালোচকের মতে পেমেন্দ্র মিত্রের "ছোটগল্পের চরিত্ররা তাদের অব্যবহিত পরিবেশ থেকে কোনোখানেই বিচ্যুত নয়, অথচ তারা সবকিছুর বাইরে যেন এক অতীন্দ্রিয়লোকের অধিবাসী।" পাঠ্য গল্পগুলো অবলম্বনে আলোচনা করো। ১+১+১২=১৪

৩। **সারাংশ লেখো** ৬

গ্রামের সঙ্গে সঙ্গে নগরেরও উদ্ভব। সেখানে রাষ্ট্র-শাসনের শক্তি পুঞ্জীভূত; সেখানে সৈনিকের দুর্গ, বণিকের পণ্যশালা, বিদ্যাদান ও বিদ্যা-অর্জনের উদ্দেশ্যে বহু স্থান থেকে এক স্থানে শিক্ষক ও ছাত্রের সমাবেশ, দূর পৃথিবীর সঙ্গে জানাশোনা দেনা-পাওনার যোগ। যেখানে মাটির বুকের, পরে জগদ্দল পাথর, জীবিকা সেখানে কঠিন, শক্তির সঙ্গে শক্তির প্রতিযোগিতা। সেখানে সকল মানুষকে হার মানিয়ে একলা-মানুষ বড়ো হতে চাচ্ছে। বাড়াবাড়ি না হলে তারও ফল মন্দ নয়। ব্যক্তি-স্বাতন্ত্র্য যদি অতিশয় চাপা পড়ে তা হলে ব্যক্তিগত শক্তির উৎকর্ষ ঘটে না। সমান মাথাওয়ালা ঝোপগুলোর চাপে বনস্পতি বেঁটে হয়ে থাকে। ব্যক্তি-স্বাতন্ত্র্যের অত্যাকাঙ্ক্ষা অগ্নিবাষ্পের ঠেলায় জনসঙ্ঘের সাধারণ আশ্রয়ভূমিকে উঁচুর থেকে উৎক্ষিপ্ত করে, উৎকর্ষের আদর্শ বেড়ে ওঠে, পরস্পরের নকলে ও রেষারেষিতে মানুষের শক্তির চর্চা অত্যন্ত সচেষ্ট হয়ে থাকে, জ্ঞানের ও কর্মের ক্ষেত্রে নবনবোন্মেষ সম্ভবপর হয়, নানা দেশে নানা জাতির চিত্ত-সমবায়ে বিদ্যার আয়তন প্রশস্ত হয়ে ওঠে। শহরে, যেখানে সমাজের চাপ অতি ঘনিষ্ঠ নয়, সেখানে ব্যক্তি-স্বাতন্ত্র্য সুযোগ পায়, মানসশক্তি একটা সাধারণ আদর্শের অনুচ্চ সমতলতা ছাড়িয়ে উঠতে থাকে। এই কারণেই বুদ্ধির জড়তা ও সংকীর্ণতা সকল দেশেই সকল কালেই গ্রাম্যতার নামান্তর হয়ে আছে।

৪। যে কোনো **একটি** বিষয়ে রচনা লেখো : ১৬

(ক) বরাকের চা-শিল্প

(খ) বাণিজ্য-শিক্ষার উপযোগিতা

(গ) ব্যবসায়ে মূলধন – অর্থ ও অধ্যবসায়

(ঘ) বিজ্ঞাপন ও চারুকলা

***